

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
প্রশাসন-৭ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-২৬.০০.০০০০.০৯২.০৭.০২৩.১৫-৫০৮

তারিখঃ ১০ আশ্বিন, ১৪২৩  
২৫ সেপ্টেম্বর, ২০১৬


বরাবর,

- ০১। বিজ্ঞাপন ম্যানেজার  
দৈনিক ইত্তেফাক  
৪০, কাওরান বাজার  
ঢাকা।
- ০২। বিজ্ঞাপন ম্যানেজার  
দি ফাইনেনসিয়াল এক্সপ্রেস  
৪৫, তোপখানা রোড  
ঢাকা।

বিষয়ঃ- দরপত্র বিজ্ঞপ্তি ছাপানো।

উপর্যুক্ত বিষয়ে অত্রসাথে সংযুক্ত নিলাম দরপত্র বিজ্ঞপ্তি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় ২৮-৯-২০১৬ তারিখের মধ্যে যে কোন দিন শুধু একবার ( সাইজ ৬"X৩) ছাপানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত :- ০১(এক) পাতা।

  
(রুখসানা হাসিন) ২৫/৯/২০১৬  
উপসচিব  
ফোন : ৯৫৪৫০৯৫

অনুলিপি : সদয় কার্যার্থে-

- ১। মহাপরিচালক, সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ), আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা  
( সংযুক্ত নিলাম দরপত্র বিজ্ঞপ্তি সিপিটিইউ এর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ২। জনাব মোঃ আওলাদ হোসেন, সহকারী পরিচালক, ডব্লিউটিও সেল, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,  
ঢাকা ( সংযুক্ত নিলাম দরপত্র বিজ্ঞপ্তি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়,  
প্রশাসন-৭ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mincom.gov.bd](http://www.mincom.gov.bd)

নিলাম বিজ্ঞপ্তি নং-২৬.০০.০০০০.০৯২.০৭.০২৩.১৫-৫০৭

তারিখ : ১০ আশ্বিন, ১৪২৩  
২৫ সেপ্টেম্বর, ২০১৬


**অকেজো ঘোষিত কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী নিলামে বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি**

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর অকেজো ঘোষিত কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী মন্ত্রণালয়ের ষ্টোরে যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিক, আগ্রহী ক্রেতাগণের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্রদাতাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

**শর্তাবলী :**

১।	অকেজো ঘোষিত কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী পরিদর্শন	৫৭টি সিপিইউ, ৬টি ল্যাপটপ, ৬৯টি মনিটর, ৫৪টি প্রিন্টার, ৪৬টি কী-বোর্ড, ২৮টি ইউপিএস ক্রেয়ে আগ্রহী ব্যক্তিগণ ০৪-১০-২০১৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ষ্টোর রুমে (ভবন নং-৩, কক্ষ-২৩) সরেজমিনে পরিদর্শন করতে পারবেন।
২।	দরপত্র সিডিউল প্রাপ্তির স্থান ও তারিখ	উপসচিব(প্রশাসন-৭ অধিশাখা) এর অফিস কক্ষ নং-২২, ভবন নং-৩, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকার দপ্তর থেকে ০৫-১০-২০১৬ তারিখ হতে ১৬-১০-২০১৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে দরপত্র সিডিউল সংগ্রহ করা যাবে। সিডিউল ক্রেয় ব্যতীত কোন দরপত্র গ্রহণযোগ্য হবেনা।
৩।	দরপত্র দাখিলের স্থান, তারিখ ও সময়	উপসচিব(প্রশাসন-৭ অধিশাখা) এর অফিস কক্ষ নং-২২, ভবন নং-৩, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় রক্ষিত টেন্ডার বাস্কে এবং বাংলাদেশ সচিবালয়ের অভ্যর্থনা কক্ষের সম্মুখে রক্ষিত দরপত্র বাস্কে ১৮-১০-২০১৬ তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত দরপত্র জমা দেয়া যাবে।
৪।	দরপত্র খোলার স্থান তারিখ ও সময়	যুগ্মসচিব(প্রশাসন-২), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর অফিস কক্ষ নং কক্ষ নং-১৮, ভবন নং-৩ এর কার্যালয়ে নিলাম দরপত্রে অংশগ্রহণকারীগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) ১৮-১০-২০১৬ তারিখ বেলা ৩.০০ টায় দরপত্র খোলা হবে।
৫।	জামানতের টাকা (ফেরতযোগ্য)	দরপত্রে উল্লেখিত মূল্যের ১০% হারে জামানত হিসেবে বাংলাদেশের তফসিলভুক্ত যে কোন ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে উপসচিব(প্রশাসন-৭ অধিশাখা), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকার অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
৬।	আয়কর	গৃহীত সর্বোচ্চ দরদাতাকে কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী সরবরাহ নেয়ার পূর্বে উদ্ধৃত মূল্য চালানোর মাধ্যমে (জমার খাত পরে জানানো হবে) জমা প্রদান করতে হবে। এছাড়া উদ্ধৃত মূল্যের উপর ৫% অগ্রিম আয়কর ও ১.৫% ভ্যাট সংশ্লিষ্ট দপ্তরে জমাদানপূর্বক তার প্রমাণপত্র এ দপ্তরে দাখিল করতে হবে।
৭।	সিডিউলের মূল্য	সিডিউলের মূল্য প্রতিসেট ২০০/- (দুইশত) টাকা (অফেরতযোগ্য)

অন্যান্য শর্তাবলী দরপত্র সিডিউলে উল্লেখ করা হয়েছে। কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

  
(রুখসানা হাসিন) ২৩/১০/১৬  
উপ-সচিব

ফোন : ৯৫৫১৩৫৭।